বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

# বিশেষ অডিট রিপোর্ট

## প্রথম খন্ড

## কাস্টমস বন্ড কমিশনারেট
## (আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামসহ), ঢাকা
## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অর্থ বৎসর ঃ ২০০৭-২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্রঃ নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | ক |
| ০২. | মহাপরিচালকের বক্তব্য | খ |
| ০৩. | প্রথম অধ্যায় | ১ |
| ০৪. | অডিট অনুচ্ছেদের সার- সংক্ষেপ | ৩ |
| ০৫. | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| ০৬. | ম্যানেজমেন্ট ইস্যু | ৬ |
| ০৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৬ |
| ০৮. | অডিটের সুপারিশ | ৭ |
| ০৯. | অডিট আপত্তির প্রেক্ষিতে আদায়কৃত টাকার বিবরণী | ৭ |
| ১০. | দ্বিতীয় অধ্যায় | ৯-২৩ |

| অনুচ্ছেদ নং | শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি না করে এবং উক্ত পণ্য এক্সবন্ডের মাধ্যমে খালাস না করায় শুল্ক ও করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ১১ |
| ২ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পণ্য খালাস না করায় রাজস্ব ক্ষতি। | ১২ |
| ৩ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের প্রকৃত পরিমাণের চেয়ে কম পরিমাণ পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি পূর্বক এক্সবন্ড বিল এব এন্ট্রি এর মাধ্যমে খালাস করায় রাজস্ব ক্ষতি। | ১৩ |
| ৪ | শত ভাগ রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ডের আওতায় আনা বিনা শুল্কে আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পণ্য খালাস না করায় রাজস্ব ক্ষতি। | ১৪ |
| ৫ | পণ্য উৎপাদনে ইউপিতে পলিপ্রোপাইলিন (উপকরণ) এর যোগফল বেশী দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ১৫ |
| ৬ | প্রচ্ছন্ন রপ্তানীর পণ্য উৎপাদনে ডেডো সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে ইউ পির মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ১৬ |
| ৭ | সমজাতীয় পণ্য (বাটন) উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কের আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় রাজস্ব ক্ষতি। | ১৭ |
| ৮ | ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ রিয়েক্টিভ ডাইস (উপকরণ) পণ্য উৎপাদনে ব্যবহার দেখিয়ে ইউ পির মাধ্যমে বিনা শুল্কের আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ১৮ |
| ৯ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর খালাসকৃত উক্ত পণ্যের শুল্ক করাদির উপর সুদ আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ১৯ |
| ১০ | সুভারভাইজিং বন্ডের আওতায় প্রচ্ছন্ন রপ্তানীর পলিব্যাগ উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কের আমদানীকৃত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ২০ |
| ১১ | আমদানী প্রাপ্যতা ও ডেডোর সহগ বহির্ভূত পণ্য বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানী করায় রাজস্ব ক্ষতি। | ২১ |

| ক্রঃ নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১০. | মহাপরিচালকের স্বাক্ষর | ২১ |

# ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) (এমেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ২৭-০১-২০১১ খ্রিঃ / ১৪-১০-১৪১৭ বঙ্গাব্দ

স্বাক্ষরিত
**আহমেদ আতাউল হাকিম**
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
অব্ বাংলাদেশ

খ

# মহাপরিচালকের মন্তব্য

মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন কাষ্টমস্ বন্ড কমিশনারেট (আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামসহ), ঢাকা কার্যালয়ের ২০০৭-২০০৮ অর্থ বৎসরের হিসাব নমুনায়নের ভিত্তিতে যাচাইয়ের মাধ্যমে শুল্ক ও মূসক আদায় এবং বন্ডের মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ প্রচ্ছন্ন রপ্তানীর বিপরীতে ব্যবহারের প্রক্রিয়ার উপর বিশেষ অডিট ০৪/০২/২০০৯ হতে ৩০/৭/২০০৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহের যে সকল আর্থিক অনিয়ম এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা নিরীক্ষাকালীন সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই সামান্য প্রতিফলন মাত্র। সুতরাং এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তা কোন মতেই উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের আর্থিক শৃংখলার পূর্ণাংগ চিত্র নয়।

১১টি অনিয়মের বিপরীতে মোট ৭১,২১,২৩,৪০৩/- টাকার আপত্তি এ অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া ৩টি অডিট আপত্তি উত্থাপনের বিপরীতে ৪,৮৬,৪৮৩/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয়ে যে, নিরীক্ষিত অফিসগুলির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। অনিয়মসমূহ দূরীকরণের জন্য অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

স্বাক্ষরিত

**মোঃ আব্দুল বাছেত খান**
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

তারিখ ঃ ১৭-১-২০১১ খ্রিঃ / ০৪-১০-১৪১৭ বঙ্গাব্দ

# প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ)

# অডিট ফাইন্ডিংস- এর সংক্ষিপ্তসার
# (Summary of Audit Findings)

| অনুচ্ছেদ নং | শিরোনাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি না করে এবং উক্ত পণ্য এক্সবন্ডের মাধ্যমে খালাস না করায় শুল্ক ও করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ৩২,৬২,৪৪,৭৪৫/- |
| ২ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পণ্য খালাস না করায় রাজস্ব ক্ষতি। | ২৮,৯৪,৬১,৭৭৮/- |
| ৩ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের প্রকৃত পরিমাণের চেয়ে কম পরিমাণ পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি পূর্বক এক্সবন্ড বিল এব এন্ট্রি এর মাধ্যমে খালাস করায় রাজস্ব ক্ষতি। | ৯৯,৭৩,৭৭২/- |
| ৪ | শত ভাগ রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ডের আওতায় আনা বিনা শুল্কে আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পণ্য খালাস না করায় রাজস্ব ক্ষতি। | ৩,০০,০০,৬৭৬/- |
| ৫ | পণ্য উৎপাদনে ইউপিতে পলিপ্রোপাইলিন (উপকরণ) এর যোগফল বেশী দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ৭৪,৪৭,১২২/- |
| ৬ | প্রচ্ছন্ন রপ্তানীর পণ্য উৎপাদনে ডেডো সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে ইউ পির মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ৩,৩১,৬২,২৭৬/- |
| ৭ | সমজাতীয় পণ্য (বাটন) উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কের আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় রাজস্ব ক্ষতি। | ৬৫,৮৮,২৭১/- |
| ৮ | ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ রিয়েক্টিভ ডাইস (উপকরণ) পণ্য উৎপাদনে ব্যবহার দেখিয়ে ইউ পির মাধ্যমে বিনা শুল্কের আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ৩৩,৫১,৬৯৪/- |
| ৯ | হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর খালাসকৃত উক্ত পণ্যের শুল্ক করাদির উপর সুদ আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ২৭,৭১,৫৫০/- |
| ১০ | সুভারভাইজিং বন্ডের আওতায় প্রচ্ছন্ন রপ্তানীর পলিব্যাগ উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কের আমদানীকৃত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ রাজস্ব ক্ষতি। | ২৩,৬৩,৫৪০/- |
| ১১ | আমদানী প্রাপ্যতা ও ডেডোর সহগ বহির্ভূত পণ্য বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানী করায় রাজস্ব ক্ষতি। | ৭,৫৭,৯৭৯/- |
| | সর্বমোট= | ৭১,২১,২৩,৪০৩/- |

# অডিট বিষয়ক তথ্য

| | | |
|---|---|---|
| **নিরীক্ষা অর্থ বৎসর** | : | ২০০৭-২০০৮ |
| **নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম** | : | কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা। |
| **নিরীক্ষার প্রকৃতি** | : | বিশেষ অডিট। |
| **নিরীক্ষার সময়** | : | ৪/২/০৯ হতে ৩০/৭/২০০৯ খ্রিঃ। |
| **রিপোর্ট ইস্যুর তারিখ** | : | ১৯/১১/২০০৯ খ্রিঃ। |
| **আধা-সরকারি পত্র জারির তারিখ** | : | ১৯/১/২০১০ খ্রিঃ। |
| **নিরীক্ষার পদ্ধতি** | : | দৈবচয়ণের মাধ্যমে রেকর্ডপত্রাদি নির্বাচনপূর্বক পরীক্ষা, তথ্যাদি বিশ্লেষণ, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীর সাথে আলোচনা। |

**অডিট রিপোর্ট প্রণয়নে ও সার্বিক তত্ত্বাবধানে যারা ছিলেন :**

| | | |
|---|---|---|
| **অডিট সম্পাদন** | : | (১) মোঃ কামাল আনোয়ার, পরিচালক, দল প্রধান।<br>(২) মোঃ মাহমুদুল হক, অডিট এন্ড একাউন্টস অফিসার, সদস্য।<br>(৩) জয়েশ্বর চন্দ্র সরকার, এস,এ,এস সুপার, সদস্য।<br>(৪) মোঃ বেলায়েত হোসেন খান, এস,এ,এস সুপার, সদস্য।<br>(৫) বাবুল আক্তার, অডিটর সদস্য।<br>(৬) মীর মাহবুবুল হক, অডিটর, সদস্য। |
| **অডিট রিপোর্ট প্রণয়ন** | : | ১। তানভির আক্তার হোসেন খান, উপপরিচালক।<br>২। মোঃ মাহমুদুল হক, অডিট এন্ড একাউন্টস অফিসার।<br>৩। জয়েশ্বর চন্দ্র সরকার, এস এ এস সুপার। |
| **অডিট রিপোর্ট তত্ত্বাবধান** | : | জনাব মোঃ কামাল আনোয়ার, পরিচালক। |
| **অডিট রিপোর্টের সার্বিক তত্ত্বাবধান** | : | **জনাব মোঃ আবদুল বাছেত খান,**<br>মহাপরিচালক,<br>স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর। |

## ম্যানেজমেন্ট ইস্যু ঃ

- একশত ভাগ রপ্তানীকারক শিল্প প্রতিষ্ঠানসমূহের উপর বন্ড কমিশনারেটের অভ্যন্তরীণ অডিট কর্তৃক উৎঘাটিত রাজস্ব ক্ষতির অর্থ যথা সময়ে আদায় না করা।
- পোষাক শিল্প প্রতিষ্ঠানের ষান্মাসিক পারফরমেন্স রিপোর্ট দাখিল না করা সত্বেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা।
- নির্দিষ্টকৃত সময়ের আমদানি-রপ্তানির পারফরমেন্স রিপোর্ট পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রণয়ণে এবং বন্ড কমিশনারেট কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ নিরীক্ষায় যথাযথ পদ্ধতি অনুসরণ না করা।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ

- বন্ডের আওতায় আমদানীকৃত পণ্য/ উপকরণ বন্ড রেজিষ্টারে যথাযথ ভাবে এন্ট্রি এবং এক্সবন্ডের মাধ্যমে খালাস না করা।
- বন্ডের মাধ্যমে আমদানীকৃত পণ্য/উপকরণ বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই খালাস না করা।
- সমজাতীয় পণ্য উৎপাদনের ক্ষেত্রে উপকরণের ব্যবহারের অভিন্নতা না থাকা।
- পণ্য উৎপাদনে উপকরণের ব্যবহারের ক্ষেত্রে গানিতিক শুদ্ধতা না থাকা।
- প্রচ্ছন্ন রপ্তানীর বিপরীতে পণ্য উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার।
- আমদানী প্রাপ্যতা ও ডেডোর সহগের বহির্ভূত পণ্য/ উপকরণ বন্ডের আওতায় আমদানী করা।
- সঠিক H.S.Code এ শ্রেনী বিন্যাস এবং সঠিক হারে শুল্ক করাদি আদায় না করা।

## অডিটের সুপারিশ ঃ

- কাঁচামাল/ উপকরণ (পণ্য) আমদানীর পর গুদামজাত করণের সঠিক তদারকি করা প্রয়োজন।
- ইউটিলাইজেশন পারমিশন (ইউ পি) প্রদানের সময় কনজাম্পশনের গাণিতিক শুদ্ধতা সহ ডেডোর সহগের সহিত যথাযথভাবে যাচাই করে দেখা প্রয়োজন।
- ১০০% রপ্তানীমূখী বন্ডেড ওয়্যার হাউজ প্রতিষ্ঠান সমূহের আমদানীকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য প্রকৃতপক্ষে রপ্তানী করা হয় কিনা তা যথাযথভাবে তদারকি করা প্রয়োজন।
- রপ্তানীকৃত পণ্যের বিপরীতে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসিত (রিয়ালাইজড) হয় কিনা তা যথাযথভাবে মনিটরিং করা প্রয়োজন।
- পোষাক শিল্প প্রতিষ্ঠানের ষান্মাসিক পারফরমেন্স রিপোর্ট দাখিল না করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ BGMEA এর দৃষ্টি আকর্ষণ করা একান্ত প্রয়োজন।
- ইউপি প্রদানকালে এম এল সি (এক্সপোর্ট মাষ্টার এল সি) পরীক্ষা করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিরীক্ষাকালে আমদানীকৃত কাপড়ের মিটার/গজে পরিমাপের পাশাপাশি ওজনের ভিত্তিতে কাপড়ের কনজাম্পশান পরীক্ষা করা প্রয়োজন।
- বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই রপ্তানী / দেশীয় ব্যবহারের জন্য উক্ত পণ্য খালাস করা প্রয়োজন।
- সমজাতীয় পণ্য উৎপাদনের ক্ষেত্রে উপকরণ ব্যবহারের অভিন্নতা রক্ষার নিমিত্তে বাস্তব পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

**অডিটের প্রেক্ষিতে টাকা আদায় বিবরণী ঃ এই বিশেষ নিরীক্ষার প্রেক্ষিতে আদায়কৃত ৪,৮৬,৪৮৩/- টাকার বিবরণী নিম্নরূপঃ**

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | আপত্তির বিষয়বস্তু | ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বৃটিশ আমেরিকান টোবাকো (বাংলাদেশ) লিঃ | সঠিক হারে শুল্ক করাদি আদায় না করায় রাজস্ব ক্ষতি। | বাংলাদেশ ব্যাংক, ঢাকা এর ট্রেজারী চালান নং-৭১/০৫, ৭১/০৬, ৭১/০৭ তাং-২৫/১/১০ ইং মূলে ৪,০৫,০৫৭/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে। | ৪,০৫,০৫৭/- |
| ২ | মেসার্স আল ফাতাহ পলি প্যাকেজিং ইন্ডাঃ লিঃ | ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ পণ্য উৎপাদনে ব্যবহার দেখিয়ে ইউপির মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ খালাস করায় রাজস্ব ক্ষতি। | বাংলাদেশ ব্যাংক, ঢাকা এর ট্রেজারী চালান নং-১৮/৪, ১৮/৫, ১৮/৬, ১৮/৭ তাং-১৩/১/১০ ইং মূলে ৪৪,১৭৮/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে। | ৪৪,১৭৮/- |
| | মেসার্স ট্রিম এন্ড প্যাক | ,, | বাংলাদেশ ব্যাংক, ঢাকা এর ট্রেজারী চালান নং-৫/৩০, ৫/৩১, ৫/৩২, ৫/৩৩, ৫/৩৪ তাং-৪/১০/০৯ ইং মূলে ৩৭,২৪৮/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে। | ৩৭,২৪৮/- |
| | | | সর্বমোট = | ৪,৮৬,৪৮৩/- |

# দ্বিতীয় অধ্যায়
## (অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ-১॥

**শিরোনাম ঃ** হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি না করে এবং উক্ত পণ্য এক্সবন্ডের মাধ্যমে খালাস না করায় শুল্ক ও করাদি বাবদ ৩২,৬২,৪৪,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ অর্থ বছরের হিসাব বিশেষ অডিটকালে পরিলক্ষিত হয় যে, (১) দীপা ফুড প্রডাক্টস লিঃ, (২) মেসার্স ইউনাইটেড এডিবল অয়েলস লিঃ এবং (৩) মেসার্স আর এম কয়েল মিলস্ লিঃ কর্তৃক হোম কনজাম্পশন বন্ডের আওতায় ১৭ টি বিল অব এন্ট্রির বিপরীতে আমদানীকৃত পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি না করে এবং উক্ত পণ্য এক্স বন্ডের মাধ্যমে খালাস না করায় ৩২,৬২,৪৪,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য।
- কারণ, কাষ্টমস এ্যাক্ট, ১৯৬৯ মোতাবেক বন্ডের আওতায় ইন টু বন্ড বিল অব এন্ট্রির মাধ্যমে আমদানীকৃত পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রিপূর্বক এক্স বন্ড বিল অব এন্ট্রির বিপরীতে শুল্ক ও করাদি পরিশোধ সাপেক্ষে খালাস করা আবশ্যক।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের লক্ষ্যে দাবীনামা জারী করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** দাবীনামা জারীর প্রেক্ষিতে আদায়ের কোন অগ্রগতি অডিট অফিসকে অবহিত করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-২॥

**শিরোনাম ঃ** **হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পণ্য খালাস না করায় ২৮,৯৪,৬১,৭৭৮/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ সনের হিসাব বিশেষ অডিটকালে (১) মেসার্স আর এম কয়েল মিলস লিঃ, ঢাকা (২) মেসার্স এইচ,আর,এস ইন্ডাঃ লিঃ, কুষ্টিয়া এবং (৩) মেসার্স এস আলম কোল্ড রোল্ড ষ্টীলস লিঃ, চট্রগ্রাম এর ইন-টু-বন্ড বিল অব এন্ট্রি, এক্স বন্ড বিল অব এন্ট্রি ও বন্ড রেজিষ্টার পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্য বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও মে/২০০৯ মাস পর্যন্ত উক্ত পণ্য খালাস না করায় ২৮,৯৪,৬১,৭৭৮/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে-যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"খ (১, ২, ৩)" দ্রষ্টব্য।
- কারণ, কাস্টমস এ্যাক্ট ১৯৬৯- এর ধারা ৯৮(৪) অনুযায়ী হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ড সম্পাদনের তারিখ হতে বন্ডিং মেয়াদ ৬ মাস। বন্ডিং মেয়াদ উত্তীর্ণ পণ্যের শুল্কায়নপূর্বক ১০% সুদসহ শুল্ক করাদি আদায়যোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের লক্ষ্যে দাবীনামা জারী করা হয়েছে এবং অর্থ আদায় হলে অডিট অফিসকে অবহিত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তিকৃত অর্থ আদায়ের কোন তথ্য অডিট অফিসকে অবহিত করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-৩॥

**শিরোনাম ঃ** **হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের প্রকৃত পরিমাণের চেয়ে কম পরিমাণ পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি পূর্বক এক্সবন্ড বিল এব এন্ট্রি এর মাধ্যমে খালাস করায় ৯৯,৭৩,৭৭২/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ অর্থ বছরের হিসাব অডিটকালে দীপা ফুড প্রডাক্টস লিঃ এবং মেসার্স ইউনাইটেড এডিবল অয়েলস লিঃ এর ইন টু বন্ড বিল অব এন্ট্রি, রিলিজ অর্ডার, এক্স বন্ড বিল অব এন্ট্রি এবং বন্ড রেজিষ্টার যাচাই কালে পরিলক্ষিত হয় যে, ইন টু বন্ড বিল অব এন্ট্রি, কমার্শিয়াল ইনভয়েস, রিলিজ অর্ডার ও সি আর এফ এ বর্ণিত আমদানীকৃত পণ্যের পরিমাণের চেয়ে কম পরিমাণ পণ্য বন্ড রেজিষ্টারে এন্ট্রি পূর্বক এক্স বন্ড বিল অব এন্ট্রির মাধ্যমে শুল্ক করাদি প্রদান পূর্বক খালাস করায় অর্থাৎ হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত সম্পূর্ণ পণ্যের উপর শুল্ক ও করাদি আদায় না করায় ৯৯,৭৩,৭৭২/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে - যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"গ" দ্রষ্টব্য।
- কারণ, কাষ্টমস এ্যাক্ট, ১৯৬৯ মোতাবেক বন্ডের আওতায় ইন টু বন্ড বিল অব এন্ট্রির মাধ্যমে আমদানীকৃত পণ্যের প্রকৃত পরিমাণের উপর শুল্ক ও করাদি আদায় করা আবশ্যক।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কোন জবাব প্রদান করেনি।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির টাকা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-৪॥

**শিরোনাম ঃ শত ভাগ প্রচ্ছন্নে রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও উক্ত পণ্য খালাস না করায় ৩,০০,০০,৬৭৬/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের অধীন বিভিন্ন বন্ডার প্রতিষ্ঠানের ২০০৭-০৮ সনের হিসাব বিশেষ অডিটকালে (১) মেসার্স সালদা প্যাকেজিং এন্ড এক্সেসরিজ ইন্ডাঃ লিঃ, পুবাইল, গাজীপুর, (২) মেসার্স ওমর সুলতান ডায়িং এন্ড স্পিনিং মিলস লিঃ, চট্টগ্রাম এবং (৩) মেসার্স হারবিস কনভার্টিং লিঃ, চট্রগ্রাম এর ইন-টু-বন্ড বিল অব এন্ট্রি, বন্ড রেজিষ্টার ও ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, শত ভাগ প্রচ্ছন্ন রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান বন্ডের আওতায় আমদানীকৃত পণ্য বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও মে/২০০৯ মাস পর্যন্ত উক্ত পণ্য খালাস না করায় ৩,০০,০০,৬৭৬/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"ঘ(১, ২, ৩)" দ্রষ্টব্য।

- কারণ, কাস্টমস এ্যাক্ট ১৯৬৯- এর ধারা ৯৮(১) অনুযায়ী শত ভাগ রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ড সম্পাদনের তারিখ হতে বন্ডিং মেয়াদ ২৪ মাস। বন্ডিং মেয়াদ উত্তীর্ণ পণ্যের শুল্কায়ন পূর্বক শুল্ক করাদি আদায়যোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** (ক) আপত্তিতে জড়িত তিনটি প্রতিষ্ঠানের মধ্যে ১, ২ নং ক্রমিকের বর্ণিত প্রতিষ্ঠানের অর্থ আদায়ের জন্য দাবিনামা জারী করা হয়েছে। (খ) মেসার্স হারবিস কনভারটিং লিঃ, চট্টগ্রামের বিষয়ে দাবীনামা জারি এবং জরিমানা আরোপ করার পর প্রতিষ্ঠান কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে আপীল দায়ের করা হয়। আদালতের রায়ের আলোকে ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** (ক) আপত্তিকৃত অর্থ আদায় করে অডিট অফিসকে অবহিত করা আবশ্যক। (খ) মহামান্য কোর্টের রায়ের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যায়।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-৫॥

**শিরোনাম ঃ** পণ্য উৎপাদনে ইউটিলাইজেশন পারমিশন (ইউ পি) তে পলিপ্রোপাইলিন (উপকরণ) এর যোগফল বেশী দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ৭৪,৪৭,১২২/= টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ অর্থ বৎসরের হিসাব বিশেষ অডিট কালে মেসার্স সিনো বাংলা ইন্ডাঃ লিঃ (ইউনিট-২), গজারিয়া, মুন্সিগঞ্জ এর ইন টু বন্ড-বিল অব এন্ট্রি, ইউ পি, বন্ড রেজিষ্টার, ডেডোর সহগ পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, রপ্তানী পণ্য উৎপাদনে ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) তে পলিপ্রোপাইলিন (উপকরণ) এর যোগফল বেশী দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ৭৪,৪৭,১২২/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"ঙ" দ্রষ্টব্য।

- কারণ, ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখানোর কোন অবকাশ নেই। এ কারণে সহগের অতিরিক্ত প্রদর্শিত ব্যবহৃত বিনা শুল্কে আমদানীকৃত উপকরণের উপর শুল্ক করাদি আরোপযোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের লক্ষ্যে দাবীনামা জারী করা হয়েছে এবং টাকা আদায়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের কোন তথ্য অডিট অফিসকে অবহিত করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-৬॥

**শিরোনাম ঃ** **প্রচ্ছন্ন রপ্তানীর পণ্য উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে ইউটিলাইজেশন পারমিশন (ইউ পি) এর মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ৩,৩১,৬২,২৭৬/- রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** অতিঃ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম এর ২০০৭-২০০৮ সনের হিসাব বিশেষ অডিটকালে বন্ডার প্রতিষ্ঠান (১) মেসার্স নিউ কার্টন প্যাক, চট্টগ্রাম, (২) মেসার্স চিটাগাং কার্টনস লিঃ, চট্টগ্রাম, (৩) মেসার্স লিবার্টি এন্টারপ্রাইজ লিঃ, চট্টগ্রাম, (৪) মেসার্স ইউনিটি পলি ইন্ডাঃ লিঃ, চট্টগ্রাম ও (৫) এ বি এস কার্টন এন্ড এক্সেসরিজ ইন্ডাঃ লিঃ, চট্টগ্রাম এর ইন-টু-বন্ড বিল অব এন্ট্রি, বন্ড রেজিষ্টার, ডেডোর সহগ, ইউটিলাইজেশন পারমিশন (ইউ পি), ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ ডি) ও আনুষাঙ্গিক কাগজ পত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ইউ পির মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে প্রচ্ছন্ন রপ্তানীর জন্য পলিব্যাগ সরবরাহ করা হয়েছে। প্রচ্ছন্ন রপ্তানীর সরবরাহকৃত পণ্য উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ (পিপি, এল ডি পি ই-ও-এল এল ডিপিই) ইউ পির মাধ্যমে ব্যবহার দেখিয়ে বন্ডের মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ৩,৩১,৬২,২৭৬/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"চ(১, ২, ৩, ৪, ৫)" দ্রষ্টব্য।

- কারণ, পলিব্যাগ উৎপাদনের ক্ষেত্রে জুলাই / ২০০৭ মাস হতে মার্চ / ২০০৮ মাস পর্যন্ত Thickness / পুরুত্ব ০.০০৬ হতে ০.০০৮ সেন্টিমিটার (সি,এম) দেখানো হয়েছে। কিন্তু মার্চ/ ২০০৮ এর পর হতে ঐ একই রপ্তানীকারী ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের একই ধরণের চাহিদার ক্ষেত্রে একই সহগের ভিত্তিতে পুরুত্ব ০.০০৩ হতে সর্বোচ্চ ০.০০৫ সেঃ মিঃ পর্যন্ত দেখানো হয়েছে। উল্লেখ্য যে, কাষ্টমস বন্ড কমিশনারেট, ঢাকা অঞ্চলের সকল পলি ব্যাগ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক পলি ব্যাগ উৎপাদনে Thickness / পুরুত্ব সর্বোচ্চ ০.০০৫ সেঃ মিঃ দেখানো হয়েছে বিধায় উক্ত ৫টি প্রতিষ্ঠানের জুলাই/২০০৭ হতে মার্চ/২০০৮ মাস পর্যন্ত সময়ের আপত্তিকৃত সমুদয় টাকা আদায়যোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** পলিব্যাগের Thickness কোন Constant বিষয় নয়। তাছাড়া ০.০০৩ সি,এম-যে পুরুত্বের উল্লেখ আপত্তিতে করা হয়েছে সেটা কেবলমাত্র BOPP প্লেইন ফ্লিল্ম এর ক্ষেত্রে প্রযোজ্য। কেননা BOPP প্লেইন ফ্লিল্ম ০.০০৩ সি এম Thickness এ আমদানি হয়।

**নিরীক্ষা মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ BOPP প্লেইন ফ্লিল্ম এর আমদানীর উপর অডিট আপত্তি উত্থাপিত হয়নি। আপত্তি উত্থাপন করা হয়েছে পলিব্যাগ উৎপাদনে পি,পি, এলডিপিই-ও-এল এল ডিপিই উপকরণের উপর। পলিব্যাগ উৎপাদনের ক্ষেত্রে জুলাই / ২০০৭ মাস হতে মার্চ / ২০০৮ মাস পর্যন্ত Thickness / পুরুত্ব ০.০০৬ হতে ০.০০৮ সেঃ মিঃ দেখানো হয়েছে। কিন্তু মার্চ/ ২০০৮ এর পর হতে ঐ একই রপ্তানীকারী ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের একই ধরণের চাহিদার ক্ষেত্রে উক্ত উপকরণ দ্বারা একই সহগের ভিত্তিতে উৎপাদিত পলিব্যাগ পুরুত্ব ০.০০৩ হতে সর্বোচ্চ ০.০০৫ সেঃ মিঃ পর্যন্ত দেখানো হয়েছে। সুতরাং উক্ত ৫টি প্রতিষ্ঠানের উল্লেখিত সময়ের আপত্তিকৃত সমুদয় টাকা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-৭॥

**শিরোনাম ঃ** **সমজাতীয় পণ্য (বাটন) উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় ৬৫,৮৮,২৭১/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৬-০৮ অর্থ বৎসরের হিসাব বিশেষ অডিট কালে মেসার্স ইন্টার লিং এক্সেসরিজ লিঃ,চান্দনা, গাজীপুর এর ইন টু বন্ড-বিল অব এন্ট্রি, বন্ড রেজিষ্টারসহ আনুষাঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সমজাতীয় পণ্য (বাটন) উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় ৬৫,৮৮,২৭১/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- ''ছ'' দ্রষ্টব্য।

- কারণ, প্রতিষ্ঠানটি প্রচ্ছন্ন রপ্তানীর জন্য বিভিন্ন ধরণের বাটন উৎপাদন করে থাকে। প্রতিষ্ঠানটির জন্য ডেডোর নিজস্ব কোন সহগ নেই। তাই একই জাতীয় প্রতিষ্ঠান যেমন- (১) মেসার্স ইমাম বাটন ইন্ডাষ্ট্রিজ লিঃ, চট্টগ্রাম (২) মনিকা বাটন এন্ড গার্মেন্টস এক্সেসরিজ লিঃ, ঢাকা (৩) মেসার্স সিনহা এ্যাপারেলস এক্সেসরিজ লিঃ, ঢাকা ও (৪) মেসার্স সানম্যান বাটন এন্ড জিপার ইন্ডাঃ লিঃ, চট্টগ্রাম কর্তৃক বাটন উৎপাদনে ডেডোর সহগ অনুযায়ী রপ্তানী পণ্য উৎপাদনের ক্ষেত্রে একই পরিমাণ উপকরণ ব্যবহার করা হয়ে থাকে। কিন্তু এক্ষেত্রে আপত্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক সমজাতীয় পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের সহগ অনুযায়ী পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের হিসাব না করায় উক্ত টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** দাবিনামা জারি করা হয়েছে। আপত্তিকৃত অর্থ আদায় হওয়া মাত্র অডিট অফিসকে অবহিত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** দাবীনামা জারীর প্রেক্ষিতে টাকা আদায়ের অগ্রগতি অডিট অফিসকে অবহিত করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-৮॥

**শিরোনাম ঃ** **ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ রিয়েক্টিভ ডাইস (উপকরণ) পণ্য উৎপাদনে ব্যবহার দেখিয়ে ইউ পির মাধ্যমে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ৩৩,৫১,৬৯৪/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ অর্থ বৎসরের হিসাব বিশেষ অডিট কালে মেসার্স বেক ফেব্রিক্স (প্রাঃ) লিঃ এর ইন টু বন্ড-বিল অব এন্ট্রি, ইউ পি, বন্ড রেজিষ্টার, ডেডোর সহগ পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক প্রচ্ছন্ন রপ্তানীর বিপরীতে ১০০% কটন নীট কাপড়ের ডাইং ও ফিনিশিং কার্যক্রম পরিচালনা করা হয়। ডেডোর সহগ নং-১০/ডেডো/ সহগ/ ২০০৬/৮৬/১৯২৬ তাং-২৩/৪/ ০৭ ইং অনুযায়ী ১০০% কটন নীটেড ফেব্রিক্স (ডাইড) এর জন্য প্রতি একশত কেজি কাপড়ের জন্য সর্বোচ্চ ৫ কেজি রিয়েক্টিভ ডাইস ব্যবহার করার অনুমোদন রয়েছে । কিন্তু আপত্তিকৃত ইউ পি গুলোতে ডেডোর সহগের অনুমোদনের পরিমাণের চেয়ে বেশী পরিমাণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উক্ত রিয়েক্টিভ ডাইস/ উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ৩৩,৫১,৬৯৪/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"জ" দ্রষ্টব্য।
- কারণ, ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখানোর কোন অবকাশ নেই বিধায় সহগের অতিরিক্ত প্রদর্শিত ব্যবহৃত বিনা শুল্কের আমদানীকৃত উপকরণের উপর শুল্ক করাদি আরোপযোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কোন জবাব প্রদান করেনি।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ-৯॥**

**শিরোনাম ঃ** **হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর খালাসকৃত উক্ত পণ্যের শুল্ক করাদির উপর সুদ যথাযথভাবে আদায় না করায় ২৭,৭১,৫৫০/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের অধীন বিভিন্ন বন্ডার প্রতিষ্ঠানের ২০০৭-০৮ সনের হিসাব বিশেষ অডিটকালে (১) মেসার্স আর এম কয়েল মিলস্ লিঃ, ঢাকা, (২) মেসার্স এস আলম কোল্ড রোল্ড ষ্টীলস লিঃ, চট্টগ্রাম এবং (৩) মেসার্স কে ওয়াই সি আর কয়েল ইন্ডাঃ লিঃ, চট্টগ্রাম এর ইন-টু-বন্ড বিল অব এন্ট্রি, এক্স বন্ড বিল অব এন্ট্রি, বন্ড রেজিষ্টার সহ আনুষাঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, হোম কনজাম্পশন বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের বন্ডিং মেয়াদ (৬ মাস) উত্তীর্ণ হওয়ার পর খালাসকৃত উক্ত পণ্যের শুল্ক করাদির উপর সুদ যথাযথভাবে আদায় না করায় ২৭,৭১,৫৫০/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"ঋ(১, ২)" দ্রষ্টব্য।
- কারণ, কাস্টমস এ্যাক্ট ১৯৬৯- এর ধারা ৮৬ ও ৮৯ অনুযায়ী বন্ডিং মেয়াদ (৬ মাস) উত্তীর্ণ হওয়ার পর খালাসকৃত পণ্যের শুল্ক করাদির উপর সুদ আদায়যোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** (ক) ১, ২ এর বর্ণিত প্রতিষ্ঠানের বিপরীতে দাবিনামা জারি করা হয়েছে। (খ) ৩ নং ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক মহামান্য হাইকোর্টে রীট দায়ের করা হয়েছে। আদালতের রায়ের আলোকে পরবর্তী পদক্ষেপ গৃহীত হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** (ক) আপত্তিকৃত অর্থ আদায়ের কোন অগ্রগতি অডিট অফিসকে অবহিত করা হয়নি। (খ) মহামান্য আদালয়ের রায়ের আলোকে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যায়।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-১০॥

**শিরোনাম ঃ** **সুভারভাইজিং বন্ডের আওতায় প্রচ্ছন্ন রপ্তানীর পলিব্যাগ উৎপাদনে ডেডোর সহগের চেয়ে অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখিয়ে বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ খালাস করায় শুল্ক করাদি বাবদ ২৩,৬৩,৫৪০/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ অর্থ বৎসরের হিসাব বিশেষ অডিট কালে মেসার্স প্লাষ্টিক ম্যান (প্রাঃ) লিঃ, ১নং নয়ামাটি রোড, নারায়ণগঞ্জ এর ইন টু বন্ড-বিল অব এন্ট্রি, ইউ পি, বন্ড রেজিষ্টার সহ আনুষাঙ্গিক কাগজ পত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সুভারভাইজিং বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানীকৃত উপকরণ দ্বারা পলিব্যাগ উৎপাদন করে প্রচ্ছন্ন রপ্তানীর বিপরীতে বিভিন্ন প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে। ডেডোর সহগ অনুযায়ী সমজাতীয় পণ্য (প্রিন্টেড / প্লেইন পলি ব্যাগ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের উক্ত পণ্য উৎপাদনে ব্যবহারযোগ্য উপকরণের চেয়ে আপত্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক অতিরিক্ত পরিমাণ উপকরণ ব্যবহার দেখানোর ফলে আমদানীকৃত উপকরণের শুল্ক করাদি বাবদ ২৩,৬৩,৫৪০/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"এঃ" দ্রষ্টব্য।

- কারণ, প্রতিষ্ঠানটি প্রচ্ছন্ন রপ্তানীর জন্য বিভিন্ন ধরনের প্রিন্টেড/ প্লেইন পলিব্যাগ তৈরী করে থাকে। একই জাতীয় প্রতিষ্ঠান যেমন (১) মেসার্স হিটেজ পলি প্যাক লিঃ , (২ মেসার্স বিবিধ বাণিজ্যিক সংস্থা, (৩),মেসার্স আনিস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং লিঃ, (৪) মেসার্স ইম্পেরিয়াল পলি প্রোডাক্টস লিঃ, (৫) মেসার্স পলি প্লাষ্ট ইন্ডাঃ, (৬) মেসার্স ল্যান্ডমার্ক প্রিন্টিং এন্ড প্যাকেজিং ইন্ডাঃ লিঃ (৭) মেসার্স ইউনিয়ন পলিমার (বাংলাদেশ) লিঃ (৮) মেসার্স ফ্যাশন এন্ড প্যাকেজিং লিঃ সহ কাষ্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর অধীন অন্যান্য সকল পলিব্যাগ উৎপাদন কারী প্রতিষ্ঠান কর্তৃক ডেডোর সহগ অনুযায়ী রপ্তানী পণ্য উৎপাদনের ক্ষেত্রে একই পরিমাণ উপকরণ ব্যবহার করা হয়ে থাকে। কিন্তু এক্ষেত্রে আপত্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক সমজাতীয় পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের সহগ অনুযায়ী পণ্য উৎপাদনের ব্যবহৃত উপকরণের হিসাব না করায় উক্ত টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** দাবী নামা জারী করার পর মহামান্য সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশনে লীভ টু আপীল করা হয়। আপীল নিস্পত্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সমীচীন।

**নিরীক্ষা মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ প্রথম হতে এ বিষয়ের উপর কাষ্টমস কর্তৃপক্ষের সতর্কতা অবলম্বন করা উচিত ছিল।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপীলের রায়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ-১১॥

**শিরোনাম ঃ আমদানী প্রাপ্যতা ও ডেডোর সহগ বহির্ভূত পণ্য বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানী করায় ৭,৫৭,৯৭৯/= টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** কমিশনার, কাষ্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা কার্যালয়ের ২০০৭-০৮ অর্থ বৎসরের হিসাব বিশেষ অডিট কালে মেসার্স রহমান সিনথেটিকস্ লিঃ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর ইন টু বন্ড-বিল অব এন্ট্রি, ইউপি, বন্ড রেজিষ্টার, সহগ ও বন্ড লাইসেন্স পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, আমদানী প্রাপ্যতা ও ডেডোর সহগ বহির্ভূত পণ্য (মাষ্টার বেজ) বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানী করায় ৭,৫৭,৯৭৯/= টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

কারণ শতভাগ রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠানের রপ্তানী পণ্য উৎপাদনের জন্য আমদানী প্রাপ্যতা ও ডেডোর সহগের অন্তর্ভূক্ত উপকরণই কেবল মাত্র বিনা শুল্কে বন্ডের মাধ্যমে আমদানী করা যায়।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "ট" দ্রষ্টব্য।
- কারণ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সের প্রাপ্যতা ও সহগের বহির্ভূত বিনা শুল্কে আমদানীকৃত উপকরণের উপর শুল্ক করাদি আরোপযোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** দাবী নামা এবং টাকা আদায়ের নোটিশ জারী করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জানায় যে, মাষ্টার বেজ প্রাপ্যতা বিদ্যমান থাকা অবস্থায় আমদানীকৃত উপকরণ আমদানী ও খালাস করা হয়েছে, যা ডেডোর সহগ অনুযায়ী ইউপির মাধ্যমে ব্যবহার করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ নবায়িত লাইসেন্স অনুযায়ী ২০০৭-০৮ অর্থ বছরে আমদানী প্রাপ্যতার মধ্যে এবং ডেডোর ইস্যুকৃত সহগ নম্বর ১০/ডেডো/ সহগ/ ২০০৭/ ১৮/ ৪০৯১ (১) তাং-৮/৮/০৭ ইং তে ওভেন পলি প্রোপাইলিন / ইথাইলিন ব্যাগ উৎপাদনে মাষ্টার বেজ ব্যবহারের অনুমোদন ছিল না। তাছাড়া ইউপি পর্যালোচনায় দেখা যায় যে, ২০০৭-০৮ অর্থ বছরে উল্লেখিত ব্যাগ উৎপাদনে উপকরণ হিসাবে মাষ্টার বেজ ব্যবহার করা হয়নি। কাজেই প্রাপ্যতা বহির্ভূত মাষ্টার বেজ বন্ডের আওতায় বিনা শুল্কে আমদানীর সুযোগ নেই বিধায় আপত্তিকৃত উক্ত টাকা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ক্ষেত্রে দায়দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

স্বাক্ষরিত

**মোঃ আব্দুল বাছেত খান**
মহাপরিচালক
ফোন ঃ ৮৩১৬১৩০।

বাঃসঃমুঃ-২০১০/১১-৩১৩১কম/এ-৭০০ বই-২০১০।